

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ যানবাহনে চড়লে রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যানবাহনে চড়লে

চড়ার শুরুতে বিসমিল্লাহ বলবে। চড়ে বসে বলবে, আলহামদু লিল্লাহ। অতঃপর নিম্নের আয়াত পাঠ করবে, سُبْحَانَ الَّذي سَخَّرَ لَنَا هَٰذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ وَإِنَّا إِلَىٰ رَبِّنَا لَمُنْقَلِبُونَ

অর্থঃ পবিত্র ও মহান তিনি যিনি একে আমাদের বশীভূত করে দিয়েছেন, অথচ আমরা একে বশীভূত করতে সমর্থ ছিলাম না। আমরা আমাদের প্রতিপালকের দিকে অবশ্যই প্রত্যাবর্তন করব। (কুঃ ৪৩/ ১৩-১৪)

অতঃপর আলহামদু লিল্লা-হ' তবার। আল্লাহু আকবার' তবার পড়ে নিম্নের দুআ বলবে,

سبحانك اللهم إني ظلمت نفسي فاغفر لي فإنه لا يغفر الذنوب إلا أنت

উচ্চারণঃ সুবহা-নাকাল্লা-হুমা ইন্নী যালামতু নাফসী ফাগ্ফির লী, ফাইন্নাহু লা য়্যাগফিরুযযুনুবা ইল্লা আন্ত। অর্থঃ তুমি পবিত্র হে আল্লাহ! নিশ্চয় আমি নিজের প্রতি যুলুম করেছি অতএব তুমি আমাকে মাফ করে দাও। যেহেতু তুমি ছাড়া আর কেউ গোনাহ মাফ করতে পারেনা। (আঃ দাঃ ৩/৩৪, সঃ তিঃ ১৫৬) প্রকাশ যে, জলজাহাজে বা নৌকায় চড়ে দুআর হাদীসটি যয়ীফ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11793

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন